# ইরানের তেল সম্পদ দখলের ষড়যন্ত্র করছে যুক্তরাষ্ট্র: ইরান




সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্র ইরানের তেল সম্পদের নিয়ন্ত্রণ নিতে নানা কৌশল নিচ্ছে এমন অভিযোগ তুলেছেন ইরানেরপররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই।

তিনি বলেন, ওয়াশিংটনের অবস্থান এখন আর আড়ালে নেই। তাদের মূল লক্ষ্য ইরানকে অস্থিতিশীল করে জ্বালানি সম্পদের ওপর প্রভাব বিস্তার করা।

মুখপাত্রের দাবি, এই উদ্যোগ কেবল অর্থনৈতিক স্বার্থে সীমাবদ্ধ নয়; এর মাধ্যমে ইরানের সার্বভৌমত্ব ক্ষুন্ন করা এবং দেশের জনগণকে চাপে ফেলার পরিকল্পনাও রয়েছে। তিনি আরও বলেন, এমন পদক্ষেপ একটি স্বাধীন রাষ্ট্রের মর্যাদার পরিপন্থী।

LENS ASIA